

“আত্মকর্মী যুব শক্তি, টেকসই উন্নয়নের মূলভিত্তি”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মহাপরিচালকের কার্যালয়

যুব উন্নয়ন অধিদপ্তর, যুব ভবন

১০৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।

www.dyd.gov.bd.

স্মারক নং - ৩৪.০১.০০০০.০২৮.৪৮.০৩২.১৫.- ৪৭৭

তারিখঃ ২৫/১০/২০১৭ খ্রিঃ।


বিষয়ঃ ঋণ কার্যক্রমের মাসিক প্রতিবেদনে চিহ্নিত অসংগতির সংগতি সাধন প্রসংগে।

সূত্রঃ ১। ৩৪.০১.০০০০.০২৮.২৯.০০২.১৭- ৪৯ তারিখঃ ০৮/০২/২০১৭ খ্রিঃ

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, ২০১৬-১৭ অর্থবছরে নীলফামারী জেলায় অনুষ্ঠিত “ক্ষুদ্রঋণ ও আত্মকর্মসংস্থান কার্যক্রম মূল্যায়ন এবং বাস্তবায়ন” শীর্ষক বিভাগীয় কর্মশালায় অংশগ্রহণকারী উপজেলাসমূহের ডিসেম্বর/১৬ মাসের ঋণ প্রতিবেদন বিশ্লেষণ করে প্রতিবেদনে বিরাজিত অসংগতিসমূহ চিহ্নিত করে সেসবের সংগতি সাধনের লক্ষ্যে সূত্রস্থ পত্রের মাধ্যমে নির্দেশনা দেয়া হয়েছিল এবং কর্মশালায় সংশ্লিষ্ট উপজেলার ঋণ প্রতিবেদনের অসংগতি বিষয়ে আলোচনা হয় এবং উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাগণকে এ কাজে অধিকতর সম্পৃক্ত হতে পরামর্শ প্রদানসহ ঋণের প্রতিবেদনের অসংগতির সংগতি সাধন করতে পরামর্শ দেয়া হয়। পরবর্তীতে আগস্ট/১৭ মাসের ঋণের মাসিক প্রতিবেদন বিশ্লেষণ করে নীলফামারী জেলাধীন উপজেলাসমূহের চিহ্নিত অসংগতির সংগতি সাধনের অগ্রগতির তথ্যচিত্র নিম্নের ছকে বর্ণনা করা হলোঃ

নং	উপজেলার নাম	ডিসেম্বর/১৬ মাসের ঋণ প্রতিবেদনে চিহ্নিত অসংগতি	আগস্ট/১৭ মাসের প্রতিবেদনে চিহ্নিত অসংগতির বর্তমান অবস্থা	কর্মশালায় চিহ্নিত অসংগতির সংখ্যা	আগস্ট/১৭ মাসের প্রতিবেদনে সংশোধনের সংখ্যা
০১.	জলঢাকা (আত্ম)	ক) ঋণ কর্মসূচি মূল্যায়ন প্রতিবেদনে ১৫নং কলামে ক্রমপুঞ্জিত উপকারভোগী ও ঋণ সংখ্যা দেখানো হয়েছে ৮১৪ ও ১০৬৬ জন তদস্থলে ঋণের মাসিক প্রতিবেদনে ১ম দফায় উপকারভোগী ও ঋণ সংখ্যা ৭৯৯ ও ১০৫২ জন দেখানো হয়েছে।	সংশোধন হয়েছে	৩টি	৩টি
		খ) ঋণ কর্মসূচি মূল্যায়ন প্রতিবেদনে মাস শেষে ঋণ খেলাপী আদায়যোগ্য আসল ৩২০০/- বেশি দেখানো হয়েছে।	সংশোধন হয়েছে		
		গ) ঋণ কর্মসূচি মূল্যায়ন প্রতিবেদনে ৩নং (গ) কলামে প্রাপ্ত প্রবৃদ্ধিতে ৬৮৯৬১৪/- কম দেখানো হয়েছে।	সংশোধন হয়েছে		
০২.	সৈয়দপুর	ক) ঋণ কর্মসূচি মূল্যায়ন প্রতিবেদনে ১৫নং কলামে ক্রমপুঞ্জিত উপকারভোগী ৬৫৬ জন এবং ঋণের মাসিক প্রতিবেদনে ১ম দফায় মোট উপকারভোগী ৬৬৩ জন দেখানো হয়েছে।	সংশোধন হয়েছে	১টি	১টি
০৩.	ডোমার	ক) ঋণ কর্মসূচি মূল্যায়ন প্রতিবেদনে ৪নং (ক) কলামে আদায়যোগ্য হয়নি আসল ৯৪৯২৫/- বেশি দেখানো হয়েছে।	এখনও আদায়যোগ্য হয়নি আসল ১২৪৯০২/- বেশি দেখানো হচ্ছে।	২টি	১টি সংশোধন ১টি এখনও বিদ্যমান
		খ) ঋণ কর্মসূচি মূল্যায়ন প্রতিবেদনে মাস শেষে ঋণ খেলাপী আদায়যোগ্য আসল ৩২১৬৪/- বেশি দেখানো হয়েছে।	সংশোধন হয়েছে		
০৪.	কিশোরগঞ্জ	ক) ঋণ কর্মসূচি মূল্যায়ন প্রতিবেদনে ১৫নং কলামে ক্রমপুঞ্জিত উপকারভোগী ও ঋণ সংখ্যা দেখানো হয়েছে ৪৩২ ও ৫৩৫ জন তদস্থলে ঋণের মাসিক প্রতিবেদনে ১ম দফায় উপকারভোগী ও ঋণ সংখ্যা ৪৪২ ও ৫৩৬ জন দেখানো হয়েছে।	এখনও মূল্যায়ন প্রতিবেদনে ১৫নং কলামে ক্রমপুঞ্জিত উপকারভোগী ও ঋণ সংখ্যা দেখানো হয়েছে ৪৩৮ ও ৫৪১ জন তদস্থলে ঋণের মাসিক প্রতিবেদনে ১ম দফায় উপকারভোগী ও ঋণ সংখ্যা ৪৪৭ ও ৫৪২ জন দেখানো হচ্ছে।	১টি	১টি এখনও বিদ্যমান
০৫.	সদর	ক) ঋণ কর্মসূচি মূল্যায়ন প্রতিবেদনে ৪নং (ক) কলামে আদায়যোগ্য হয়নি আসল ২০০০১/- কম দেখানো হয়েছে।	এখনও আদায়যোগ্য হয়নি আসল ১৯৯৯৯৯/- কম দেখানো হচ্ছে।	২টি	২টি এখনও বিদ্যমান
		খ) ঋণ কর্মসূচি মূল্যায়ন প্রতিবেদনে ১৫নং কলামে ক্রমপুঞ্জিত উপকারভোগী ৪২১ জন তদস্থলে ঋণের মাসিক প্রতিবেদনে ১ম দফায় উপকারভোগী ৪১২ জন দেখানো হয়েছে।	এখনও মূল্যায়ন প্রতিবেদনে ১৫নং কলামে ক্রমপুঞ্জিত উপকারভোগী ৪৩৪ জন তদস্থলে ঋণের মাসিক প্রতিবেদনে ১ম দফায় উপকারভোগী ৪২৪ জন দেখানো হচ্ছে।		

০২। বর্ণিত অবস্থায়, ডোমার ও সদর উপজেলার মাসিক প্রতিবেদনে কর্মশালা পরবর্তী মাসে এখনও কেন অসংগতি বিদ্যমান রয়েছে তার কারণ আগামী ০৭(সাত) কর্মদিবসের মধ্যে জানাতে বলা হলো। একইসঙ্গে উপরোক্ত প্রতিটি উপজেলার চিহ্নিত অসংগতি আগামী ১২/১১/২০১৭খ্রিঃ তারিখের মধ্যে সংশোধন করে সংশ্লিষ্ট মাসের (অক্টোবর/১৭) ঋণের প্রতিবেদনে প্রতিফলন ঘটিয়ে প্রধান কার্যালয়ে প্রেরণ করতে অনুরোধ করা হলো।



মোঃ শাহিনুর রহমান
সহকারী পরিচালক (দাঃবিঃও ঋণ)
ফোনঃ ৯৫১৫০১৯
Email-addydp@gmail.com


উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা
যুব উন্নয়ন অধিদপ্তর
.....।

স্মারক নং - ৩৪.০১.০০০০.০২৮.৪৮.০৩২.১৫.- ৪৭৭

তারিখঃ ২৫/১০/২০১৭খ্রিঃ।

অনুলিপি বিতরণ সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ

- ১। উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, নীলফামারী জেলাকে সংশ্লিষ্ট উপজেলা থেকে যথাসময়ে পাক্ষিক প্রতিবেদন সংগ্রহ করতঃ তাঁর মন্তব্যসহ অগ্রায়ন করতে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।
- ২। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।



মোঃ শাহিনুর রহমান
সহকারী পরিচালক (দাঃবিঃও ঋণ)